"ডাইনিংয়ে কুকুর নিয়ে আসার" নতুন বিধি: রেস্তোঁরাগুলির কী কী জেনে রাখা প্রয়োজন

যদি নির্দিষ্ট নিয়ম অনুসরণ করা হয় তাহলে রেস্তোঁরাগুলি বাইরের ডাইনিং এলাকায় কুকুর নিয়ে প্রবেশের অনুমতি দিতে পারে। *"আউটডোর ডাইনিং এরিয়া" -এর অর্থ হল রেস্তোঁরাগুলি দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত যেকোনো খোলা এলাকা যেখানে গ্রাহকরা খাওয়া দাওয়া করেন। উদাহরণ স্বরূপ বলা যায় ঘেরা নয় এমন ফুটপাথের ক্যাফে, পিছনের দিকের অংশ এবং সম্মুখের জায়গা।* নতুন বিধি সম্পর্কে আপনাকে কী কী জানতে হবে তা এখানে দেওয়া হল:

রেস্তোঁরাগুলি বাইরের ডাইনিং এলাকাগুলিতে পোষা কুকুরদের প্রবেশ মেনে নেবে না।
তবে, সার্ভিস কুকুরদের ক্ষেত্রেও এই নিয়ম খাটে না। *আপনি আপনার বাইরের ডাইনিং এলাকায় পোষ্য কুকুরের প্রবেশ মেনে নিচ্ছেন কিনা তা নির্বিশেষে* আপনাকে অবশ্যই তাদের মালিকদের সঙ্গ দিতে গ্রাহকদের জন্য খোলা রেস্তোঁরার সব জায়গায় সহায়ক এবং হিয়ারিং কুকুর সহ সার্ভিস কুকুরের প্রবেশের অনুমতি দিতে হবে। *সার্ভিস কুকুরের স্থান সঙ্কুলান সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/health/foodservice -এযান এবং "Health Code / Regulations" (স্বাস্থ্য কোড / প্রবিধানগুলি) নির্বাচন করুন।*

যদি আপনি পোষ্য কুকুরকে আপনার রেস্তোঁরার বাইরের ডাইনিং এলাকায় প্রবেশের অনুমতি দিতে চান তাহলে আপনার নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করা আবশ্যক।

কুকুরগুলিকে নিয়ে অবশ্যই বাইরে থেকে সরাসরি বাইরের ডাইনিং এলাকাতে প্রবেশ করতে হবে।
রেস্তোঁরার ভিতর দিয়ে অথবা যেখানে খাবার রাখা থাকে বা তৈরী করা হয় এমন কোনো জায়গা দিয়ে বাইরের ডাইনিং এলাকাতে কুকুরগুলি নিয়ে প্রবেশ করা যাবে না।

কুকুর এবং মানুষ ও ফুটপাথের কুকুরের মধ্যে সংস্পর্শ সীমিত করতে বাধা স্থাপন করুন বা অন্যান্য উপায় ব্যবহার করুন।
যদি বাইরের ডাইনিং এলাকা ফুটপাথের পাশেই হয় তাহলে রেস্তোঁরার ভিতরে থাকা কুকুর এবং ফুটপাথে থাকা মানুষের মধ্যে সংস্পর্শ সীমিত করতে অবশ্যই একটি বাধা রাখুন অথবা অন্য কোন উপায় অবলম্বন করুন। কুকুরের চলাচলকে সীমিত করে এবং ফুটপাথের দৃশ্যকে আটকে দেয় এমন একটি বাধা অথবা অন্য কোনো উপায় ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, কাফে বর্ডারে খাঁড়া দণ্ডযুক্ত বাধা স্থাপন করুন, অথবা বাইরের ডাইনিংয়ের এলাকাটির বাইরের প্রান্তে পাশাপাশি গাছ লাগানোর টব বসান।

ভিতরেই সমস্ত খাবার তৈরী করুন এবং বাসনপত্র রাখুন।
যদি আপনি বাইরের ডাইনিং এলাকায় কুকুর নিয়ে প্রবেশের অনুমতি দেন তাহলে সেই এলাকায় খাবার এবং পানীয় তৈরী করবেন না। বাসনপত্রগুলি ভিতরে রাখুন। তবে কর্মীরা *বাইরের ডাইনিং এলাকায়* কোনো কলসী অথবা অন্য কোন পাত্র থেকে পানীয় ভরতে পারে।

বাইরের ডাইনিং এলাকায় ঢোকার মুখে একটি সাঙ্কেতিক চিহ্ন আটকান।
এই সাঙ্কেতিক চিহ্নে অবশ্যই নিম্নলিখিত পাঠ্যগুলি ইংরাজিতে থাকবে:

- "Companion dogs are only allowed in certain outdoor dining area(s) of this establishment." (এই প্রতিষ্ঠানের শুধুমাত্র নির্দিষ্ট কিছু বহিঃস্থ ডাইনিং এলাকায় সঙ্গী কুকুর নিয়ে প্রবেশের অনুমতি আছে।)
- "Only service dogs are allowed in other parts of this establishment." (এই প্রতিষ্ঠানের অন্যান্য অংশগুলিতে শুধুমাত্র সার্ভিস কুকুর নিয়ে ঢোকার অনুমতি রয়েছে।)
- "Your companion dog must be licensed and currently vaccinated against rabies to remain in the outdoor dining area with you." (আপনার সঙ্গী কুকুরকে আপনার সঙ্গে বাইরের ডাইনিং এলাকায় থাকতে অবশ্যই লাইসেন্সপ্রাপ্ত হতে হবে এবং বর্তমানে জলাতঙ্কের প্রতিষেধক টীকা নেওয়া থাকতে হবে।)
- "You are responsible for controlling your dog at all times." (আপনার কুকুরকে সবসময় নিয়ন্ত্রণে রাখার দায়িত্ব আপনার।)

নিজেদের সাঙ্কেতিক চিহ্ন তৈরী করা এবং টাঙানোর দায়িত্ব রেস্তোঁরাগুলির নিজের। বাইরের ডাইনিং এলাকাগুলিতে পোষ্য কুকুর নিয়ে প্রবেশের অনুমতি দেয় না এমন রেস্তোঁরাগুলির সাঙ্কেতিক চিহ্ন দেওয়ার প্রয়োজন নেই।

NYC Health

বাইরের ডাইনিং এলাকাগুলিতে মালিকরা তাদের কুকুরগুলিকে নিয়ন্ত্রণ করে তা নিশ্চিত করুন।
কুকুরগুলি অবশ্যই তাদের মালিকের হাতের নাগালে থাকতে হবে এবং কোনো ক্যারিয়ারে বা মালিক ধরে রেখেছে এমন কোনো দড়িতে অথবা টেবিল বা চেয়ারের পায়ার সাথে বেঁধে রাখতে হবে।

কুকুরগুলি মাটিতে ও দুটি আসনের মধ্যবর্তী সঙ্কীর্ণপথের বাইরে রয়েছে তা নিশ্চিত করুন।
চেয়ার, বেঞ্চ, আসন বা অন্যান্য আসবাবে কুকুর বসানোর অনুমতি নেই। কুকুরগুলি দুটি আসনের মধ্যবর্তী সঙ্কীর্ণপথে দাঁড়াতে বা বসার অনুমতি নাও দেওয়া হতে পারে।

আপনি কুকুরকে খাবার এবং পানীয় দিতে চাইলে তাদের একবার ব্যবহার্য, ব্যবহারের পরে পরিত্যাজ্য পাত্রে খেতে দিন।
গ্রাহকদের জন্য দেওয়া থালা বা বাটি থেকে কুকুরকে খেতে দেওয়ার অনুমতি নাও দেওয়া হতে পারে। কুকুরকে অবশ্যই একবার ব্যবহার্য, ব্যবহারের পরে পরিত্যাজ্য পাত্রে খেতে দিতে হবে।

কর্মচারীদের কুকুরকে পোষ মানাতে বা খেলতে দেবেন না।
খাবারের সাথে যুক্ত কর্মীদের কুকুরকে স্পর্শ করতে দেবেন না তবে যদি তারা করে তাদের অবশ্যই সঙ্গে সঙ্গে সাবান ও জল দিয়ে হাত ধুয়ে ফেলতে হবে।

গ্রাহকদের ভীতিপ্রদর্শনকারী বা আগ্রাসী কুকুরদের রেস্তোঁরা থেকে দূরে সরিয়ে নিতে বলুন।
গ্রাহক তার কুকুরকে না সরালে রেস্তোঁরাটিকে অবশ্যই তাকে পরিষেবা প্রদান বন্ধ করতে হবে।

যদি কোনো কুকুর কাউকে কামড়ায় বা আহত করে তবে সঙ্গে সঙ্গে 911-এর কল করুন।

কুকুরে কামড়ানোর ঘটনা ঘটলে তা স্বাস্থ্য বিভাগকে 24 ঘণ্টার মধ্যে জানাতে হবে। কুকুরে কামড়ানোর ঘটনা জানাতে 311-এ কল করুন অথবা nyc.gov/health/reportanimalbite-এ যান।

কুকুরে কামড়ানোর ঘটনার প্রতিবেদন তৈরি করার সময় কোনো রেস্তোঁরাকে নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:
- কুকুরের মালিকের নাম, ঠিকানা এবং ফোন নম্বর
- কুকুরের লাইসেন্স নম্বর
- কুকুরে আক্রান্ত ব্যক্তির নাম, ঠিকানা এবং ফোন নম্বর

কুকুর চলে যাওয়ার পরে কর্মচারীকে বাইরের ডাইনিং এরিয়া পরিষ্কার করতে হবে।
রেস্তোঁরার যে কর্মীরা খাবার তৈরি বা পরিবেশন *করে না* তাদের অবশ্যই কুকুরের মূত্র, মল, বমি এবং অন্যান্য তরল বা কঠিন বস্তু পরিষ্কার করতে হবে এবং সঙ্গে সঙ্গে এলাকাটি জীবাণুমুক্ত করতে হবে।

বাইরের ডাইনিং এলাকাগুলিতে অন্যান্য প্রকারের প্রাণী নিয়ে আসার অনুমতি নেই।
কুকুর ছাড়া অন্য কোনো প্রাণী নিয়ে বাইরের ডাইনিং এলাকায় প্রবেশের অনুমতি নেই এবং শুধুমাত্র সার্ভিস কুকুরকে নিয়ে রেস্তোঁরার ভিতরে প্রবেশের অনুমতি রয়েছে।

যে রেস্তোঁরাগুলি এই পদক্ষেপগুলি অনুসরণ করবে না তাদেরকে লঙ্ঘনের বিজ্ঞপ্তি পাঠানো হতে পারে, এতে 350 ডলার অবধি জরিমানা হতে পারে।
পরিদর্শনের ধরণের উপরে নির্ভর করে লঙ্ঘনটি রেস্তোঁরার পরিদর্শনের গ্রেডকেও প্রভাবিত করতে পারে।

বাইরের ডাইনিং এলাকায় কুকুর নিয়ে প্রবেশের অনুমতি দেয় এমন রেস্তোঁরাগুলি অতিরিক্ত বিধিগুলিও তৈরি করতে পারে।
অতিরিক্ত বিধিগুলিতে কোনো একবারে অনুমোদিত সর্বাধিক কুকুরের সংখ্যা, অনুমোদিত কুকুরের আকার এবং প্রজাতি এবং বাইরের ডাইনিং এলাকা যেখানে কুকুর নিয়ে আসা গ্রাহকরা বসতে পারে তার বিভাগগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে।

"ডাইনিংয়ে কুকুর নিয়ে আসার" নতুন বিধিটি পড়তে, nyc.gov/health/foodservice-এ যান।

NYC Health